

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪৭২

আগরতলা, ৩১ অক্টোবর, ২০২৩
সচিবালয়ে রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে শপথ গ্রহণ



সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মজয়ন্তী উপলক্ষে সারা রাজ্যের সাথে সচিবালয়েও আজ রাষ্ট্রীয় একতা দিবস পালন করা হয়। সচিবালয়ের ২নং সভাকক্ষে এ উপলক্ষে রাষ্ট্রীয় একতা, অখন্ডতা ও সুরক্ষার জন্য শপথ গ্রহণ করা হয়। সাধারণ প্রশাসন (সচিবালয় প্রশাসন) দপ্তরের সচিব ড. দেবাশিষ বসু প্রশাসনের বিভিন্ন স্তরের আধিকারিক ও কর্মচারীদের শপথ বাক্য পাঠ করান। শপথ গ্রহণ অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব ড. সন্দীপ আর রাঠোর, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সচিব অপূর্ব রায়, সাধারণ প্রশাসন (সচিবালয় প্রশাসন) দপ্তরের উপসচিব অসীম সাহা সহ সচিবালয়ে কর্মরত বিভিন্ন স্তরের আধিকারিক ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।
